بسم الله الرحمن الرحيم

Phone: (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mali: bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

Press Release

23 February 2015

Bangladesh Embassy in Washington DC observes Language Martyrs' Day and International Mother Language Day

Bangladesh Embassy in Washington DC organized two-day long programme to celebrate the Language Martyrs' Day and International Mother Language Day 2015 in a befitting manner. The first day's program began in the morning of 21 February with the hoisting of the national flag at half-mast in the premises of the Embassy. Bangladesh Ambassador to USA His Excellency Mr. Mohammad Ziauddin hoisted the national flag in accompaniment with the national anthem in presence of all the officers and staff members of the Embassy. During the discussion segment, messages of the Hon'ble President, Hon'ble Prime Minister, Hon'ble Foreign Minister and the Hon'ble State Minister for Foreign Affairs were read out on the occasion. In his speech, His Excellency the Ambassador paid tributes to the language martyrs of 1952 which includes, among others, Rafiq, Salam, Jabbar, Barkat and Shafiur. He also paid homage to Bangabandhu Sheikh Mujibur Rahman for his immense contribution during the language movement in 1952 and founding of Bangladesh as a sovereign state in 1971. A special prayer was offered for the eternal peace of the departed souls of the language martyrs who had laid down their lives during the language movement in 1952, and also seeking divine blessings for the continued peace, progress and prosperity of the country.

Later on 22 February 2015, a discussion meeting followed by a colourful cultural programme was organized to commemorate the Language Martyrs' Day and International Mother Language Day at Bangabandhu auditorium of the Embassy. One minute silence was also observed to pay respect to the martyrs of the Language movement of Bangladesh.

Ambassador Mohammad Ziauddin, during his welcome speech, paid rich tributes to the language martyrs of 1952. He also recalled with deep homage the contribution of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman who was the founder of Bangladesh – the only state on earth based on linguistic identity. He also mentioned about the establishment of International Mother Language Institute in Dhaka by the Prime Minister of Bangladesh. He urged all concerned including the expatriate Bangladesh nationals to work together for the betterment of our country and to share the correct history with our new generations abroad and encourage them to learn the language for which our brave sons had made the supreme sacrifice.

Dr. Joan Burton, Affiliate Professor and Director, Federal and Global Semester Programme of the University of Maryland also spoke as a Guest Speaker. She said that Bangladesh stood for a basic and universal human right – the right to speak and celebrate the mother language and the need to foster the diversity of world cultures and people through protecting and publicly valuing their unique languages, cultures and imaginative traditions. She opined that in a world in which globalization is rampant, it is important to join together to celebrate that diversity loudly and publicly through events like International Mother Langue Day.

A multi-cultural show followed the discussion session. Performers from Afghanistan, Bangladesh, China, India, Paraguay, Ukraine and Sri Lanka participated in the program and enthralled the audience. Members of Bangladesh Embassy family represented Bangladesh. Diplomats of other Embassies, representatives of social and cultural organizations, a large number of foreign guests and expatriate Bangladesh nationals enjoyed the program. The guests were entertained with traditional Bangladeshi cuisine. A documentary titled "My Mother Tongue" produced by the Department of Films and Publications, Government of Bangladesh was also screened during the programme. The Audience greatly appreciated the programme as well as the Bangladeshi cuisine.

Muhammad Abdul Muhith, Deputy Chief of Mission, Embassy of Bangladesh, Washington DC 20008
Phone: 202-244-3838, Fax: 202-244-2771/7830, e-mail: bdoot_pwash@yahoo.com/ press.bew@gmail.com

بسم الله الرحمن الرحيم

Phone: (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mali: bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

প্রেস বিজ্ঞপ্তি

২৩ ফেব্রুয়ারী ২০১৫

বর্ণাঢ্য আয়োজনে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে মহান একুশে পালিত

যথাযথ ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ পালিত হয়। এ উপলক্ষ্যে বাংলাদেশ দূতাবাস দু'দিন ব্যাপী অনুষ্ঠানের আয়োজন করে। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ জিয়াউদ্দিন ২১ ফেব্রুয়ারী সকালে দূতাবাস প্রাঙ্গনে জাতীয় পতাকা অর্ধনমিত করার মধ্য দিয়ে দিনটির সূচনা করেন। এরপর আলোচনা অনুষ্ঠানে দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর প্রদত্ত বাণী পাঠ করা হয়। রাষ্ট্রদূত মোহাম্মদ জিয়াউদ্দিন তাঁর বক্তব্যে ভাষা আন্দোলনে আত্মোৎসর্গকারী রফিক, সালাম, জব্বার বরকত, শফিউরসহ সকল শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি ভাষা আন্দোলনে এবং একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে বাংলাদেশের অভ্যুদয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানের কথাও শ্রদ্ধাভরে স্মরণ করেন। আলোচনা শেষে ৫২'র ভাষা আন্দোলনের বীর শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত এবং দেশ ও জাতির উন্নতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

পরবর্তীতে সাপ্তাহিক ছুটির দিন রবিবার ২২ ফেব্রুয়ারী বিকেলে বঙ্গবন্ধু অডিটোরিয়ামে বিপুল দর্শকের উপস্থিতিতে এক আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ৫২'র ভাষা আন্দোলনের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। রাষ্ট্রদূত মোহাম্মদ জিয়াউদ্দিন তাঁর স্বাগত বক্তব্যে একুশের ভাষা শহীদদের সুমহান ত্যাগের কথা উল্লেখ করেন। এ প্রসংগে তিনি ভাষা আন্দোলনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানের কথাও শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি বিশ্বের সকল ভাষার ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণ এবং গবেষণার জন্য বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঢাকায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠার কথাও উল্লেখ করেন। তিনি তাঁর বক্তব্যে প্রবাসী বাংলাদেশীসহ সংশ্লিষ্ট সকলকে দেশের উন্নয়নে একযোগে কাজ করার এবং নতুন প্রজন্মকে সঠিক ইতিহাস জানানো ও বাংলা ভাষা শেখানোর জন্য উদাত্ত আহ্বান জানান।

আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অফ মেরিল্যান্ডের ফেডারেল ও গ্লোবাল সেমিস্টার প্রোগ্রামের পরিচালক ডঃ যোয়ান বার্টন। তিনি তাঁর বক্তব্যে মানবাধিকারের একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে মাতৃভাষায় কথা বলার অধিকারের উপর আলোকপাত করেন এবং এ প্রসঙ্গে বাংলাদেশের ন্যায়সঙ্গত আন্দোলনের প্রেক্ষাপট তুলে ধরেন। তিনি আরো বলেন যে, বর্তমানে গ্লোবালাইজেশনের যুগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের মধ্য দিয়ে বিশ্ব সংস্কৃতি ও ভাষার বৈচিত্র্য উদযাপনে সকলের এগিয়ে আসা উচিত।

আলোচনা শেষে আয়োজিত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে আফগানিস্তান, বাংলাদেশ, চীন, ভারত, প্যারাগুয়ে, ইউক্রেন, এবং শ্রীলংকার শিল্পীরা অংশ নেন। দূতাবাসের কর্মকর্তা ও তাঁদের পরিবারের সদস্যরা বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন। ওয়াশিংটনস্থ বিভিন্ন কূটনৈতিক মিশনের সদস্যবৃন্দ, সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিভিন্ন ভাষাভাষীর বিদেশী অতিথি এবং প্রবাসী বাংলাদেশীরা দূতাবাস আয়োজিত এই বর্ণাঢ্য অনুষ্ঠানটি উপভোগ করেন। অনুষ্ঠানশেষে আমন্ত্রিত অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবারে আপ্যায়িত করা হয়। এছাড়াও অনুষ্ঠানে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের উপর বাংলাদেশের চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কতৃক নির্মিত "মাই মাদার টাং" নামে একটি প্রামাণ্য চিত্র প্রদর্শিত হয়।

মোহাম্মদ আব্দুল মুহিত, দূতাবাস উপপ্রধান ও মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৪৬১৬,
ফ্যাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০,ই-মেইল ঃ bdoot_pwash@yahoo.com

Hoisting of the national flag at half-mast by Ambassador Mohammad Ziauddin at Embassy's premises

Welcome Speech by Ambassador Mohammad Ziauddin

Colourful Cultural Programme